



ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পিডব্লিউডি রোট শিডিউল ও পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) সাব-স্টেশন মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের প্রাক্কলন।
- (৫) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Repair, maintenance & servicing of outfall electric sub-station with spare parts কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রগুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। আউটফল পাম্পিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৯০ কিলোওয়াট ৩১.৮ ঘনমিটার/মিনিট ক্ষমতার ২ সেট, ৪৫ কিলোওয়াট ৩৯৫ লিটার/সেকেন্ড ক্ষমতার ৩ সেট, ১১ কিলোওয়াট ৫৯.৮ লিটার/সেকেন্ড ক্ষমতার ২ সেট, ১.৫ কিলোওয়াট ০.২ ঘনমিটার/মিনিট ক্ষমতার ১ সেট, ২.২ কিলোওয়াট ০.৯ ঘনমিটার/মিনিট ক্ষমতার ২ সেট ভ্যাকুয়াম পাম্প মোটর ও ক্লোরিনেশন সিস্টেমের ২ সেট পাম্প মোটরসহ মোট ১২ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলো চালানোর জন্য আউটফল পাম্পিং স্টেশনে ৫০০ কেভিএ ১১কেভি/৪১৫ ভোল্ট ইনডোর ইলেকট্রিক সাব-স্টেশন রয়েছে। সাব-স্টেশনটি ১৯৯০ সালে জাপান সরকারের অনুদানে প্ল্যান্ট রেনোভেশনের সময় স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে সাব-স্টেশনটির বয়স প্রায় ৩৪ বছর হয়ে গিয়েছে। দীর্ঘদিন ধরে ব্যবহারের ফলে সাব-স্টেশনের স্পেয়ার পার্টসে বিভিন্ন সময়ে ত্রুটি দেখা দিচ্ছে ও প্রায়শই সাব-স্টেশন ট্রিপ করে। সম্প্রতি পাম্প ঘরে বিদ্যুৎ নেই এমন অভিযোগের প্রেক্ষিতে বিভাগীয় জনবল দিয়ে পরীক্ষা করে দেখা যায় বিদ্যমান সুইচগিয়ারের ত্রুটির কারণে ওভার হেডের ফিউজ পুড়ে গিয়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। সেই কারণে পাম্প মোটর চালু করা সম্ভব হচ্ছিল না। ঢাকা শহরের পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে ডিপিডিসির সাথে যোগাযোগ করে জরুরী ভিত্তিতে এইচটি সুইচ গিয়ার মেরামত করে তাৎক্ষণিক বৈদ্যুতিক লাইন সচলসহ পাম্প মোটর চালু করা হয়েছে। বর্তমানে সাব-স্টেশনের সুইচ গিয়ারের বিভিন্ন স্পেয়ার পার্টস বেশ পুরাতন হওয়ায় যে কোন সময় সাব-স্টেশনে ত্রুটি দেখা দিতে পারে। সাব-স্টেশনে ত্রুটি দেখা দিলে প্ল্যান্টে ওভারফ্লো হওয়ার সম্ভাবনা দেখা দিতে পারে। সেই কারণে নিরবচ্ছিন্নভাবে প্ল্যান্ট সচল রাখার স্বার্থে স্পেয়ার পার্টস ক্রয়সহ সাব-স্টেশন মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজ করা প্রয়োজন।

১.১। সেই আলোকে "Repair, maintenance & servicing of outfall electric sub-station with spare parts" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৮,০৪১.১৫১ (চার লক্ষ আটানব্বই হাজার একচল্লিশ দশমিক এক পাঁচ এক) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৭৩; প্যাকেজ নং-W44 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Repair, maintenance & servicing of outfall electric sub-station with spare parts" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে Limited Tendering Method(LTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৮,০৪১.১৫১(চার লক্ষ আটানব্বই হাজার একচল্লিশ দশমিক এক পাঁচ এক) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

সি.এ.এ. (২৪/১০/২৫)

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।